গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.mofl.gov.bd

নং- ৩৩.০০.০০০০.১০৭.২০.০১৩.২৪.২৫১

তারিখ: ৯ অগ্রহায়ণ ১৪৩১ / ২৪ নভেম্বর ২০২৪

বিষয়ঃ ২১.১১.২০২৪ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপ (BWG)-এর সভার কার্যবিবরণী প্রেরণ।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বাজেট ও নিরীক্ষা) মহোদয়ের সভাপতিত্বে ২১.১১.২০২৪ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপ (BWG)-এর সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে সভার কার্যবিবরণী।

২৪.১১.২০২৪
মোহাম্মদ আহম্মেদ আলী
উপসচিব
ফোন নং-২২৩৩৮১০০৭
E-mail: ds_budget@mofl.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সদস্য (সচিব), কৃষি, পানিসম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৩-২৪, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
৪. যুগ্মসচিব (বাজেট-৬), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা।
৭. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৯. মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনিস্টিটিউট, সাভার, ঢাকা।
১০. অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী, মৎস্য বন্দর, চট্টগ্রাম।
১১. উপসচিব (মনিটরিং-২ শাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. উপসচিব (বাজেট-২০ অধিশাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. উপ-পরিচালক (উপসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
১৫. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
১৬. রেজিষ্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১৭. হিসাবরক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সিস্টেম এনালিস্ট (আইসিটি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৯. অতিরিক্ত সচিব (বাজেট ও নিরীক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. অফিস কপি।

E:\Minutes (Nikosh)\Forwarding.doc

২১.১১.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপের (BWG) সভার কার্যবিবরণী

সভাপতি	:	নীলুফা আক্তার অতিরিক্ত সচিব (বাজেট ও নিরীক্ষা) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সভার স্থান	:	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
তারিখ	:	২১.১১.২০২৪ খ্রি.
সময়	:	বিকাল ৩:০০ ঘটিকা
উপস্থিতির তালিকা	:	পরিশিষ্ট-ক।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বাজেট ও নিরীক্ষা) ও বাজেট ওয়ার্কিং গ্রুপ (বিডব্লিউজি) এর সভাপতি জনাব নীলুফা আক্তার -এর সভাপতিত্বে সভা শুরু হয়। সভাপতি উপস্থিত ও অনলাইনে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে ২০২৪-২৫ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) প্রণয়ন সংক্রান্ত আলোচনা উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ের উপসচিব (বাজেট) কে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের অনুরোধ জানান।

০২। উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয় হতে গত ১৪ নভেম্বর ২০২৪ তারিখে বাজেট পরিপত্রের নির্দেশনায় বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক একটি সংশোধিত বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) প্রণয়নের লক্ষ্যে বিভিন্ন ফরমসহ নীতিমালা ও পদ্ধতি প্রণয়ন করা হয়েছে। উক্ত নীতিমালা অনুযায়ী সংশোধিত বাজেট প্রাক্কলনের প্রস্তুতের ক্ষেত্রে বর্ণিত নীতিমালা/পদ্ধতি অনুসরণ করতে হবে। কোনভাবেই অতিরিক্ত বরাদ্দ দাবি করা যাবে না। উন্নয়ন ব্যয়ের মধ্যে কোন অর্থ অব্যয়িত থাকবে বলে অনুমিত হলে উক্ত অব্যয়িত অর্থ কোনক্রমেই পরিচালন বাজেটে স্থানান্তর করা যাবে না। নীতিমালার আলোকে প্রাথমিক বরাদ্দ বিভাজন করার লক্ষ্যে অদ্যকার সভা আহ্বান করা হয়েছে। সভায় ২০২৪-২৫ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলনের সম্ভাব্য প্রতিবেদন উপস্থাপন করা হয়। যে সমস্ত দপ্তর/সংস্থায় সংশোধিত বাজেটে অতিরিক্ত/কম চাহিদা চাওয়া হয়েছে এর কারণ ব্যাখ্যা করার জন্য সভাপতি সভাকে বলেন। বাজেটে রাজস্ব প্রাপ্তি, পরিচালন ব্যয় ও উন্নয়ন ব্যয় এই তিনটি অংশে বাজেট প্রণয়ন করা হয়ে থাকে। অতঃপর সভায় পর্যায়ক্রমে তিনটি খাতের সংশোধিত প্রাক্কলন পর্যালোচনা করা হয়।

৩.০. রাজস্ব প্রাপ্তি: ২০২৪-২৫ অর্থ বছরে মোট রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ১০৫.২৩ কোটি টাকা। রাজস্ব প্রাপ্তির ক্ষেত্রে সকল দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ জানান রাজস্ব প্রাপ্তির প্রাক্কলিত লক্ষ্যমাত্রা অনুযায়ী সংশোধিত বাজেটে লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। তবে, মৎস্য অধিদপ্তদের বিগত ০৩ বছরের রাজস্ব প্রাপ্তির ধারা পর্যালোচনা করে ২৮.৬৭ কোটি টাকার পরিবর্তে ২০.০০ কোটি টাকা সংশোধিত বাজেটে লক্ষ্যমাত্রা নির্ধারণের অনুরোধ জানান।

৪.০ পরিচালন ব্যয়: সচিবালয়ের প্রতিনিধি উপসচিব (মৎস্য-২) সভাকে জানান, বর্তমানে দ্রব্যমূল্য বৃদ্ধির প্রেক্ষিতে মৎস্যজীবীসহ মৎস্যজীবীদের বিভিন্ন সংগঠন এবং বিভিন্ন সময়ে জেলা প্রশাসক সম্মেলনে ভিজিএফ (চাল) পরিমাণ পূর্বের বিভিন্ন কর্মসূচির ২০/২৫/৪০ কেজি হারের পরিবর্তে সকল ক্ষেত্রে ৫০ কেজি হারে

সংশোধিত ভিজিএফ প্রদান করার প্রস্তাব করা হয়। ইতিমধ্যে জেলে প্রতি ৫০ কেজি হারে সংশোধিত প্রাক্কলন মাননীয় উপদেষ্টা মহোদয়ের অনুমোদনক্রমে খাদ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ফলে ২০২৪-২৫ অর্থবছরের সংশোধিত বাজেটে বরাদ্দকৃত ৫৬৩.৮১ কোটি টাকার অতিরিক্ত ২৭৭.৫১ কোটি টাকা প্রয়োজন।
বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই)-এর প্রতিনিধি জানান, দেশের দুধ, মাংস ও ডিম উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বিএলআরআই ২০২৪-২৫ অর্থবছরে গবেষণা কার্যক্রম এবং সেবা প্রদানের (নমুনা বিশ্লেষণ) জন্য ১.৪৬ কোটি টাকা সংশোধিত বাজেটে অতিরিক্ত চাহিদা প্রয়োজন। মেরিন ফিশারিজ একাডেমির প্রতিনিধি জানান, ০২ জন কর্মকর্তার পদ শূন্য থাকায় এবং ডেপুটেশনে নিয়োগ প্রাপ্ত একজন কর্মকর্তার বেতন ও বাসা বরাদ্দ, ভ্রমণ ব্যয় এবং ক্রয় খাতে সাশ্রয় হওয়ায় ৩৭.৭৫ লক্ষ টাকা কম প্রয়োজন। ভেটেরিনারি কাউন্সিলের প্রতিনিধি জানান, আইন সংক্রান্ত ব্যয়, বিদ্যুৎ কন্ট্রিবিউশন টু সিপিএফ স্কিম-এর জন্য সংশোধিত বাজেটে মোট ১২.৮১ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দে প্রস্তাব করা হয়েছে।

মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের প্রতিনিধিরা জানান পরিচালন বাজেটে বরাদ্দকৃত অর্থ শতভাগ ব্যয় হবে। তবে সকল সংস্থাই বিদ্যুৎ এবং গ্যাস ও জ্বালানী খাতে সংশোধিত বাজেটে ১০০% ব্যয়ের অনুমতির অনুরোধ জানান। ভেটেরিনারি কাউন্সিলের রেজিস্ট্রার জানান, বাজেট স্বল্পতার কারণে বিগত অর্থবছরের বকেয়া ২.৬৬ লক্ষ টাকা চলতি অর্থবছরের বরাদ্দ হতে পরিশোধ করা হয়েছে বিধায় বছরের অবশিষ্ট সময়ের জন্য বিদ্যুৎ খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।
৫.০ উন্নয়ন ব্যয়: উপসচিব (মৎস্য পরিকল্পনা-২) সভায় জানান, প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের (এলডিডিপি) আরপিএ খাত হতে ১০০ মিলিয়ন মার্কিন ডলার (একসেঞ্জ রেট ১০৩.৫২ টাকা) কমানোর ফলে অনেক নির্ধারিত কার্যক্রম প্রস্তাবিত আরএডিপি-তে বাদ দেওয়া হয়েছে। উক্ত প্রকল্পের আরপিএ খাতে ১০২৪,৫০.০০ লক্ষ টাকার অথরাইজেশন নির্ধারিত সময়ে না পাওয়ায় বাকী সময়ে ব্যয়যোগ্য বরাদ্দ কমিয়ে ৮৩১৬৫.০০ লক্ষ টাকা রাখা হয়েছে; এবং আউটসোর্সিং জনবলের বেতনভাতা এবং সম্মানী খাত হতে জিওবি খাতে ৪৭৬.০০ লক্ষ টাকা কমানো হয়েছে। তিনি আরো জানান, মৎস্য অধিদপ্তরাধীন সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রকল্পের আওতায় মেরিন ফিসারিজ একাডেমির জন্য সিমুলেটর ক্রয় এবং বিএফডিসির প্রসেসিং প্ল্যান্ট নির্মাণের জন্য ২ বার দরপত্র নন-রেসপনসিভ হওয়ায় উক্ত খাতে আরএডিপিতে আরপিএ অংশে বরাদ্দ কমানো হয়েছে। জমি ও এনওসি সংক্রান্ত জটিলতার কারণে ফিস ল্যান্ডিং সেন্টার ও ফিস মার্কেট উন্নয়নের কাজ করা সম্ভব নয় বিধায় উক্ত খাতে আরএডিপি-তে আরপিএ অংশে বরাদ্দ কমানো হয়েছে। ঘুর্ণিঝড় রেমাল, ভারী বর্ষণ এবং রাজনৈতিক অস্থিরতা কারণে চকোরিস্থ চিংড়ি এস্টেটের উন্নয়ন কাজ প্রায় ২ মাস বন্ধ থাকায় উক্ত খাতে আরএডিপি-তে আরপিএ অংশে বরাদ্দ কমানো হয়েছে। উল্লেখ্য, ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট (মৎস্য অধিদপ্তর অংশ) শীর্ষক প্রকল্পে বৈদেশিক প্রশিক্ষণের অনুমোদন না পাওয়ায় এডিপিতে বরাদ্দকৃত ১৭০.০০ লক্ষ টাকা, ইনসুলেটেড ভ্যান ক্রয় খাতে সংস্থানকৃত ৩২০.০০ লক্ষ টাকা বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। এছাড়া প্রয়োজনীয় জমির সংস্থান না হওয়ায় মিনি প্রসেসিং ইউনিট স্থাপন খাতে সংস্থানকৃত ২৯৩.৪৩ লক্ষ টাকা ব্যয় করা সম্ভব হবে না। তাই আরএডিপি-তে আরপিএ অংশে ২৮০০.০০ লক্ষ টাকার প্রস্তাব করা হয়েছে।